

১০/০৪/০৭
২৪

এইচএসসি পরীক্ষা ১০ মে শুরু : ১৩ কেন্দ্র বাতিল

নিজস্ব কাজ পরিবেশক

আগামী ১০ মে থেকে শুরু হবে এইচএসসি, আলিম ও কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা। পরীক্ষা শুরু হওয়ার আগে সারাদেশের পরীক্ষা কেন্দ্রগুলোর অতীত মূল্যায়ন করে শিক্ষা মন্ত্রণালয় ১৩টি পরীক্ষা কেন্দ্র বাতিল করেছে। আর পরীক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় ৪৩টি নতুন কেন্দ্র স্থাপন করা হয়েছে। ফলে এবার সারাদেশে ১ হাজার ৮০২টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। আর এ বছর পরীক্ষার্থীর সংখ্যা ৫ লাখ ৪১ হাজার ৪১৭ জন।

ঢাকা বোর্ডের (এইচএসসি) বাতিলকৃত কেন্দ্রগুলো হচ্ছে- গাজীপুরের বমী কলেজ, নরসিংদীর বড়দিয়া ওয়াসিম উদ্দিন কলেজ, মুন্সীগঞ্জের বিক্রমপুর টঙ্গীবাড়ী কলেজ ও গজারিয়া তাহানা কাশিমুজ্জাহ কলেজ। নেত্রকোণার হাজী আলী আকবর সরকারি কলেজ ও দ্বাধ দুলতান কলেজ এবং জামালপুরের হানন্দাবাড়ি কলেজ।

কারিগরি বোর্ডের বাতিলকৃত কেন্দ্রগুলো হচ্ছে- দাশমনিরহাটের নওবেঙ্গল টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, কুড়িয়াঘের রৌমারী ডিগ্রি মহাবিদ্যালয়, রাজশাহীর ইসলামী একাডেমি টাউন বিদ্যালয়, কারিগরি ও কৃষি কলেজ, পাবনার অষ্টনিষা টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ এবং বিশাখপুরের হাজী জাফর আলী কলেজ।

মাদ্রাসা বোর্ডের বাতিলকৃত কেন্দ্র হচ্ছে- চাঁদপুর ৬৪১ নং কেন্দ্র।

নতুন ৪৩টি কেন্দ্রের মধ্যে রয়েছে- (এইচএসসি) ঢাকা বোর্ডে ৪টি, রাজশাহী বোর্ডে ২টি, যশোর বোর্ডে ৫টি, চট্টগ্রাম বোর্ডে ১টি, ঝরিনাল বোর্ডে ১টি। এদিকে কারিগরি বোর্ডে ২৩টি ও মাদ্রাসা বোর্ডে ৭টি নতুন কেন্দ্র স্থাপন করা হয়েছে।

আগামী ১০ মে শুরু হওয়া এইচএসসি, আলিম ও কারিগরি শিক্ষা বোর্ড থেকে ৫ লাখ ৪১ হাজার ৮১৭ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেবে। এর মধ্যে ছাত্র ৩ লাখ ৬ হাজার ৬০৮ জন আর ছাত্রী ২ লাখ ৫ হাজার ২০৯ জন। এসব পরীক্ষার্থীর মধ্যে এইচএসসি পরীক্ষার্থীর সংখ্যা ৪ লাখ ৪০ হাজার ২৪৮ জন। আলিম পরীক্ষার্থীর সংখ্যা ৫২ হাজার ৩৪ জন। কারিগরি পরীক্ষার্থীর সংখ্যা ৪৯ হাজার ৫৩৫ জন।